SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## উপ নির্বাহী-পরিচালক ইমরান আহমেদ বার্ড কলেজ কর্তৃক মর্যাদাপূর্ণ মানবিক সেবা পুরস্কারে ভূষিত





শক্তি ফাউন্ডেশনের উপ নির্বাহী-পরিচালক ইমরান আহমেদ মানবিক সেবায় অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ Bard College কর্তৃক মর্যাদাপূর্ণ "Laszlo Z. Bito Award for Humanitarian Service" সম্মাননায় ভূষিত হয়েছেন। এই বিশেষ সম্মাননা সেইসব ব্যক্তিদের প্রদান করা হয়, যারা অন্যায়, সহিংসতা ও নিপীড়নের মুখে থাকা মানুষের পাশে দাঁড়িয়ে মানবতার কল্যাণে অসাধারণ ভূমিকা রাখেন। বাংলাদেশের অন্যতম বৃহৎ অলাভজনক প্রতিষ্ঠান শক্তি ফাউন্ডেশনে তাঁর অসাধারণ নেতৃত্ব, মানবিক মূল্যবোধ এবং সুবিধাবঞ্চিত নারীদের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নে নিবেদিত কাজের স্বীকৃতিস্বরূপ তিনি এ সম্মাননা অর্জন করেছেন। এই অর্জন তাঁর নিষ্ঠা, সহমর্মিতা এবং সমাজে ইতিবাচক পরিবর্তন আনার অব্যাহত প্রচেষ্টারই উজ্জ্বল প্রতিফলন।

## কমার্শিয়াল ব্যাংক অব সিলনের সহযোগিতায় শক্তি ফাউন্ডেশনের কেয়ারগিভার দক্ষতা উন্নয়ন কার্যক্রম



নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন ও স্বাস্থ্যসেবার মানোন্নয়নে নতুন এক সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে শক্তি ফাউন্ডেশন। সম্প্রতি Commercial Bank of Ceylon PLC তাদের করপোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) কর্মসূচির আওতায় শক্তি ফাউন্ডেশন ফর ডিসঅ্যাডভান্টেজড উইমেন-কে একটি অনুদান প্রদান করেছে, যার মাধ্যমে বাস্তবায়িত হবে কেয়ারগিভার স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রাম। বর্তমান সময়ে দেশে ও আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রশিক্ষিত কেয়ারগিভারের চাহিদা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এই প্রেক্ষাপটে কর্মসূচিটি নারীদের জন্য দক্ষতা অর্জন ও কর্মসংস্থানের নতুন সুযোগ সৃষ্টি করবে। একই সঙ্গে সমাজে মানসম্মত, মানবিক ও পেশাদার সেবাদান নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে; শক্তি ফাউন্ডেশন ভবিষ্যতে স্বাস্থ্য খাতে নারীদের অংশগ্রহণ আরও সম্প্রসারণের লক্ষ্যে নারী ফিজিওথেরাপিস্ট, কমিউনিটি মিডওয়াইফ, প্যারামেডিক এবং ডিপ্লোমা ফার্মাসিস্ট তৈরির উদ্যোগ গ্রহণের পরিকল্পনা করছে। পাশাপাশি স্বাস্থ্যসেবা খাতে আরও বেশি নারী উদ্যোক্তা গড়ে তোলার মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও টেকসই উন্নয়নে অবদান রাখছে শক্তি ফাউন্ডেশন।

## সবুজ বাংলাদেশ গড়ার লক্ষ্যে শক্তি ফাউন্ডেশন ও এনসিসি ব্যাংকের নতুন অংশীদারিত্ব







২০২২ সাল থেকে শক্তি ফাউন্ডেশন একটি সবুজ, পরিচ্ছন্ন ও স্বাস্থ্যকর বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শক্তি ফাউন্ডেশন এ পর্যন্ত একটি আরবান ফরেস্ট ও একটি মিয়াওয়াকি ফরেস্টসহ প্রায় ৯০,০০০ গাছ ও চারা রোপণ করেছে, এবং এর মধ্যে ৫০,০০০-এরও বেশি সক্রিয়ভাবে পরিচর্যা করছে। ২০৩০ সালের মধ্যে সারাদেশে ১০ লক্ষ সুস্থ গাছ রোপণই আমাদের লক্ষ্য। আর এই যাত্রায় আমাদের অংশীদাররাই আমাদের সবচেয়ে বড় শক্তি। আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে NCC Bank PLC আমাদের এই সবুজ অভিযানে নতুন অংশীদার হিসেবে যোগ দিয়েছে। গত ১০ মে ২০২৬ তারিখ এনসিসি ব্যাংকের প্রধান কার্যালয়ে এই চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনসিসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক এম শামসুল আরেফিন, শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক ইমরান আহমেদ, এবং উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## কিশোরীদের কর্মমুখী দক্ষতা উন্নয়নে শক্তি ফাউন্ডেশন ও ইউসেপ বাংলাদেশের যৌথ উদ্যোগ




কিশোরীদের দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে শক্তি ফাউন্ডেশনের সহায়তায় আর্থিকভাবে অস্বচ্ছল পরিবারের ২১ জন কিশোরীকে ইউসেপ বাংলাদেশের মাধ্যমে কেয়ারগিভিং, বেকারি ও পেস্ট্রি প্রোডাকশন, ফুড অ্যান্ড বেভারেজ, বিউটিফিকেশন এবং কুকিং কোর্সে প্রশিক্ষণ প্রদান করা হয়। গত ২৮ এপ্রিল ২০২৬ তারিখে তিন মাস মেয়াদী এই প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রশিক্ষণ সফলভাবে সম্পন্নকারী অংশগ্রহণকারীদের "ইউসেপ বাংলাদেশের কনফারেন্স হল"-এ আয়োজিত অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এই উদ্যোগের মাধ্যমে প্রশিক্ষণপ্রাপ্ত কিশোরীরা ভবিষ্যতে আয়মুখী কর্মকাণ্ডে সম্পৃক্ত হয়ে নিজেদের স্বাবলম্বী করে তুলতে সক্ষম হবে।

## অর্থনৈতিক ক্ষমতায়নে এসিড সারভাইভারদের পাশে শক্তি ফাউন্ডেশন



এসিড সহিংসতার শিকার সারভাইভারদের আত্মকর্মসংস্থান ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলতে শক্তি ফাউন্ডেশনের উদ্যোগে ৭ জনের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়। এর আগে অংশগ্রহণকারীরা ১২ দিনব্যাপী পরিবেশবান্ধব ব্যাগ সেলাই প্রশিক্ষণে অংশ নেন। প্রশিক্ষণ শেষে অর্জিত দক্ষতাকে কাজে লাগিয়ে জীবিকার প্রসারে, তাদের মাঝে এসব সেলাই মেশিন প্রদান করা হয়। ১২ মে বগুড়ার শক্তি ট্রেনিং এন্ড রিসার্চ সেন্টারে আয়োজিত সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে শক্তি ফাউন্ডেশন ও এসিড সারভাইভার ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। শক্তি ফাউন্ডেশন এবং এসিড সারভাইভার ফাউন্ডেশনের পারস্পরিক অংশীদারিত্বের ধারাবাহিক উদ্যোগের অংশ হিসেবে এসিড সারভাইভারদের দক্ষতা উন্নয়ন ও অর্থনৈতিক ক্ষমতায়নে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হবে।

## ব্রেস্ট ক্যানসার প্রতিরোধে বিনামূল্যে ব্রেস্ট স্ক্রিনিং ক্যাম্প আয়োজন করেছে শক্তি ফাউন্ডেশন






স্তন ক্যানসারের ক্রমবর্ধমান ঝুঁকি মোকাবিলা এবং আগাম শনাক্তকরণের গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শক্তি ফাউন্ডেশনের স্বাস্থ্য কর্মসূচির উদ্যোগে শরীয়তপুরের নড়িয়ায় অবস্থিত শক্তি মেডিকেল কেয়ার সেন্টার (SMCC)-এ দিনব্যাপী বিনামূল্যে ব্রেস্ট স্ক্রিনিং ক্যাম্প অনুষ্ঠিত হয়। এই উদ্যোগের মাধ্যমে নারীদের জন্য সহজলভ্য ও মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার পাশাপাশি আগাম শনাক্তকরণের গুরুত্ব সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা হয়। ক্যাম্পে ৪ জন বিশেষজ্ঞ চিকিৎসকের সমন্বয়ে গঠিত মেডিকেল টিমে মোট ৯১ জন নারীর ক্লিনিক্যাল ব্রেস্ট পরীক্ষা সম্পন্ন করা হয়। অংশগ্রহণকারীদের বেশিরভাগের বয়স ছিল ৩৫ থেকে ৫৫ বছরের মধ্যে, যাদের ব্রেস্ট ক্যানসারের ঝুঁকি তুলনামূলক বেশি। স্ক্রিনিং কার্যক্রমের পাশাপাশি অংশগ্রহণকারীদের নিয়ে সচেতনতামূলক সেশন পরিচালনা করা হয়। এই সেশনে ব্রেস্ট ক্যানসারের প্রাথমিক লক্ষণ, জীবনযাত্রাজনিত ঝুঁকির কারণ এবং সামাজিক কুসংস্কার ও সংকোচ কাটিয়ে সময়মতো পরীক্ষা করানোর গুরুত্ব তুলে ধরা হয়। পাশাপাশি উচ্চ ঝুঁকিতে থাকা নারী এবং যাদের পরিবারে ব্রেস্ট ক্যানসারের ইতিহাস রয়েছে, তাদের ঘরে বসেই নিয়মিত নিজের ব্রেস্ট পর্যবেক্ষণের বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়।

## একনজরে শক্তি (৩১ মে, ২০২৬)

বিভাগ: ৮
জেলা: ৫৭
জোন: ৪
রিজিয়ন: ২৮
এরিয়া: ১২৮
ব্রাঞ্চ: ৬৩২

সদস্য: ৬,০৪,৫৭২ জন
ঋণী: ৪,৮৬,৮১৩ জন

সঞ্চয় স্থিতি: ১,৬৬০ কোটি

ঋণস্থিতি: ৩,৪৭০ কোটি টাকা

কর্মী সংখ্যা: ৫,৫০০ জন

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট: ৯৮ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৮৮৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd